



প্রণাম
(১১)

১৭

গানের গুরু রবীন্দ্রনাথ ঠাকুর
তোমায় মোরা স্মরণ করি আবার।
শতক বরষ হয়েছে আজ গত
তবু আছ তুমি মানস মাঝে সবার।।

তোমার সুরের মন্দাকিনী ধারা
বহিয়া যায় উছল উজল-পারা।
সোহন রাগে অরুণ উষায় জাগে
মোহন ধরার অরূপ রূপ বাহার।।

তুমি মোদের বিশ্ব-বরণ কবি
জগৎ সভায় ভারত-মাতার রবি।।

তোমার প্রেমে সাজল বসুন্ধরা
সুনীল আকাশ শ্যামল-বরণ তারা।
তোমার গানে বরষা-মুখর রাতে
গগন হল শ্রাবণ মেঘের আধার।।

Published in 1994

ISBN 0646179314